


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
web: www.dpe.gov.bd

স্মারক: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩-২০৬

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩ এর ৩য় গ্রুপ (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) এর ফলাফল ২১/০৪/২০২৪ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩-২০৫ নং স্মারকে প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফলাফলে মেঘনা ও যমুনা সেটের পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নে কারিগরি ত্রুটি পরিলক্ষিত হওয়ায় মেঘনা ও যমুনা সেটের পরীক্ষার্থীদের উত্তরপত্র আইআইসিটি, বুয়েটের কারিগরি টিম ইতোমধ্যে পুনঃমূল্যায়ন কাজ শুরু করেছে। অদ্য ২১/০৪/২০২৪ তারিখ রাত ১২ ঘটিকার মধ্যে মেঘনা ও যমুনা সেটের পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃমূল্যায়নপূর্বক নিরীক্ষান্তে সংশোধিত ফলাফল প্রকাশ করা হবে।


(মনীষ চাকমা)

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন: ৫৫০৭৪৯১৮

ই-মেইল: dirpolicydpe@gmail.com